জাতীয় বিশ্ববিদ্যালয়
বাংলাদেশ
পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর

স্মারক নং ০৫(৫৩৩) জাতীঃবিঃ/পরীঃ/ডিগ্রী পাস/২০২২/৫৫৫৫ তারিখ : ২১/০৯/২০২৫

# ২০২৪ সালের ডিগ্রী(পাস) ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৪ সালের ডিগ্রী(পাস) ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষার ফরম পূরণ নিম্নবর্ণিত তারিখ অনুযায়ী Online-এ সম্পন্ন করা হবে। পরীক্ষার তারিখ ও বিস্তারিত সময়সূচি যথাসময়ে ঘোষণা করা হবে। উল্লিখিত পরীক্ষার আবেদন ফরম, বিবরণী ফরম, আনুষঙ্গিক কাগজপত্র পূরণ ও জমাদানের তারিখ এবং ফরম পূরণের বিস্তারিত নিয়মাবলী নিম্নে দেয়া হলো ঃ

১। **সম্ভাব্য পরীক্ষার্থীর তালিকা, বিষয় সংকেত বিবরণী, প্রশ্নপত্রের চাহিদা ফরম ও ডাটা এন্ট্রি সফটওয়ার সংগ্রহ ঃ**
সম্ভাব্য পরীক্ষার্থীর তালিকা, বিষয় সংকেত বিবরণী ফরম, প্রশ্নপত্রের চাহিদা ফরম, ডাটা এন্ট্রি সফ্টওয়্যার ও পরীক্ষায় অংশ গ্রহণের শর্তাবলীসহ প্রয়োজনীয় তথ্যাদি জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব-সাইটে **ems.nu.ac.bd** পাওয়া যাবে। উক্ত ওয়েবসাইট যথাসময়ে চালু হবে এবং ডাটা এন্ট্রির নির্ধারিত সময়ের পর তা স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে বিধায় যথাসময়ে শিক্ষার্থী ও কলেজ কর্তৃপক্ষকে ডাটা এন্ট্রি সম্পন্ন করতে হবে।

২। **শিক্ষার্থীর ডাটা এন্ট্রি, নিশ্চয়ন, বিবরণী ফরম জমা করার তারিখ ঃ**

ক) শিক্ষার্থী কর্তৃক অনলাইনে ফরম পূরণের আবেদন করার তারিখ ঃ ২৩/০৯/২০২৫ হতে ১০/১০/২০২৫ পর্যন্ত
খ) শিক্ষার্থী কর্তৃক প্রিন্টকৃত ফরম কলেজে জমা দেয়ার শেষ তারিখ ঃ ১১/১০/২০২৫ হতে ১২/১০/২০২৫ পর্যন্ত
গ) শিক্ষার্থীর ডাটা নিশ্চয়ন করার তারিখ (কলেজ কর্তৃক) ঃ ১৩/১০/২০২৫ হতে ১৪/১০/২০২৫ পর্যন্ত
ঘ) সোনালী সেবার মাধ্যমে টাকা জমার তারিখ (কলেজ কর্তৃক) ঃ ১৫/১০/২০২৫ হতে ১৬/১০/২০২৫ পর্যন্ত
ঙ) **ফি বিবরণী, বিবরণী ও অন্যান্য কাগজপত্র স্ব-স্ব কলেজে পরবর্তী ১ম বর্ষ পরীক্ষা পর্যন্ত** সংরক্ষণ করতে হবে ( **বিশ্ববিদ্যালয়ে/আঞ্চলিক অফিসে জমা দেয়ার প্রয়োজন নেই**)।
চ) **পরীক্ষার্থীদের ইন-কোর্স নম্বর অনলাইনে এন্ট্রির পর ডাউনলোড করে হার্ডকপির গালাসীলকৃত খাম এবং বিষয়ওয়ারী প্রশ্নপত্রের চাহিদা উল্লেখপূর্বক প্রশ্নপত্রের চাহিদা বিবরণী সংশ্লিষ্ট শাখায় অবশ্যই প্রেরণ করতে হবে।**

৩। **২০২৪ সালের ডিগ্রী(পাস) ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষার নির্ধারিত ফি (প্রতি** শিক্ষার্থী) ঃ

ক) ১ম বর্ষ (৭০০ নম্বর) – নিয়মিত/প্রাইভেট ঃ ১২৫০/-(প্রতিপত্রে ১৫০/-হারে) + ৬০০/-(ইন-কোর্স ফি)
(ইন-কোর্স ফি ৬০০/-এর মধ্যে বিশ্ববিদ্যালয়ে জমা হবে ২০০/- ও কলেজে জমা হবে ৪০০/-)
খ) সার্টিফিকেট কোর্স ঃ ৫০০/- (প্রতিপত্রে ১৫০/-হারে )+ ৬০০/- (ইন-কোর্স ফি)
(ইন-কোর্স ফি ৬০০/-এর মধ্যে বিশ্ববিদ্যালয়ে জমা হবে ২০০/- ও কলেজে জমা হবে ৪০০/-)
গ) অনিয়মিত ঃ প্রতিপত্রে ১৫০/- হারে নির্ধারিত ফি + ৬০০/- ইনকোর্স ফি (পূর্বে না দিয়ে থাকলে)
(ইন-কোর্স ফি ৬০০/-এর মধ্যে বিশ্ববিদ্যালয়ে জমা হবে ২০০/- ও কলেজে জমা হবে ৪০০/-)
ঘ) মানোন্নয়ন ঃ ৩০০/-(প্রতিপত্রে ১৫০/-হারে) + নির্ধারিত ফি এর অতিরিক্ত ৬০০/- প্রতি শিক্ষার্থী
ঙ) conditional promoted(c-promoted) ঃ ১৫০/- হারে নির্ধারিত ফি +নির্ধারিত ফি এর অতিরিক্ত ১৫০০/- প্রতি শিক্ষার্থী
চ) কেন্দ্র ফি ঃ ৬০০/- (কলেজে জমা হবে ২০০/- এবং পরীক্ষা কেন্দ্রে জমা হবে ৪০০/-)
ছ) এক বা একাধিক কোর্সে অকৃতকার্য ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষ এবং ২০১৮ সালের রেজিস্ট্রেশনকৃত(প্রাইভেট) শিক্ষার্থীর রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হওয়ায় অন্তর্ভূক্তি ফি ৬০০০/-(ছয় হাজার) টাকা প্রদান সাপেক্ষে যে সকল শিক্ষার্থী ২য় ও ৩য় বর্ষের সকল বিষয়ে কৃতকার্য হয়েছে তারা বিশেষ বিবেচনায় শুধুমাত্র ২০২৪ সালের ১ম বর্ষ পরীক্ষায় বিশেষ পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। শর্ত থাকে যে, ২০২৪ সালের ১ম বর্ষ পরীক্ষায় ফরম পূরণ না করলে, ফরম পূরণ করে পরীক্ষায় অংশগ্রহণ না করলে বা পরীক্ষায় অংশগ্রহণ করে পুনরায় অকৃতকার্য হলে ভবিষ্যতে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ চেয়ে আর কোন আবেদন করতে পারবে না।

৪। **পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী ঃ**

**ক) ডিগ্রী(পাস) কোর্স ১ম বর্ষ পরীক্ষা (৭০০ নম্বর) নিয়মিতঃ**

i) ২০২৩-২৪ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী ও ২০২৪ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।

**খ) ডিগ্রী(পাস) কোর্স ১ম বর্ষ পরীক্ষা (অনিয়মিত)ঃ**

i) ২০২০-২১, ২০২১-২২ ও ২০২২-২৩ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০২১, ২০২২ ও ২০২৩ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০২১, ২০২২ ও ২০২৩ সালের ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করেনি অথবা অংশগ্রহণ করে অকৃতকার্য (**Not Promoted**) হয়েছে তারা এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ii) ২০১৮-১৯, ২০১৯-২০, ২০২০-২১, ২০২১-২২ ও ২০২২-২৩ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৯, ২০২০, ২০২১, ২০২২ ও ২০২৩ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৯, ২০২০, ২০২১, ২০২২ ও ২০২৩ সালের ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে এক বা একাধিক কোর্সে F গ্রেড পেয়ে ২য় বর্ষে উত্তীর্ণ হয়েছে সে সকল শিক্ষার্থীগণ F গ্রেড প্রাপ্ত কোর্সে এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

iii) ২০১৮-১৯, ২০১৯-২০, ২০২০-২১,২০২১-২২ ও ২০২২-২৩ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৯, ২০২০, ২০২১, ২০২২ ও ২০২৩ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৯, ২০২০ , ২০২১, ২০২২ ও ২০২৩ সালের ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে উত্তীর্ণ (**Promoted-C**) হয়েছে তাদের অনুপস্থিত কোর্সে এ পরীক্ষায় অংশগ্রহণ করা বাধ্যতামূলক।

iv) উপরোক্ত শিক্ষার্থীদেরকে ১ম বর্ষে "স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস" আবশ্যিকসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ১ম ও ২য় পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

v) ১ম বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ করা বাঞ্চনীয়।

গ) **ডিগ্রী(পাস) কোর্স ১ম বর্ষ মানোন্নয়ন পরীক্ষা ঃ**

i) ২০১৯-২০, ২০২০-২১, ২০২১-২২ ও ২০২২-২৩ শিক্ষাবর্ষের শিক্ষার্থী; ২০২০, ২০২১, ২০২২ ও ২০২৩ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০২৩ সালের ১ম বর্ষের পরীক্ষায় প্রথম বারের মত অংশগ্রহণ করে যে সমস্ত কোর্সে C ও D গ্রেড পেয়েছে তারা C ও D গ্রেড পাওয়া সর্বোচ্চ দু'টি কোর্সে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে পূর্বে F গ্রেড প্রাপ্ত পত্রে C বা D গ্রেডে উন্নীত হলে ঐ পত্রে মানোন্নয়ন পরীক্ষার কোন সুযোগ নাই।

ঘ) **সার্টিফিকেট কোর্স পরীক্ষা (২০০ নম্বর) ঃ**

i) ২০২৪ সালের সার্টিফিকেট কোর্স-এ রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীরা এ পরীক্ষায় ১ম বর্ষের নির্ধারিত ১ম ও ২য় পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ii) ২০২১, ২০২২ ও ২০২৩ সালের সার্টিফিকেট কোর্সের শিক্ষার্থী যারা ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে অকৃতকার্য (**Not Promoted**) হয়েছে তারা ১ম বর্ষের নির্ধারিত ১ম ও ২য় পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করবে।

iii) এ সকল শিক্ষার্থীরা ২০১৩-১৪ শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

৫। **অনলাইনে আবেদন ফরম পূরণ (শিক্ষার্থীদের জন্য) ঃ**

ক) আবেদনকারীকে নিজে অথবা কলেজ কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (http://ems.nu.ac.bd/student-login) এ প্রবেশ করে রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী ফরম পূরণের আবেদন করতে হবে। আবেদন ফরম পূরণ প্রক্রিয়া সম্পন্ন হলে অনলাইন থেকে আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে পরীক্ষার্থীর বিষয় কোড এবং ফি উল্লেখ থাকবে। ফি সহ প্রিন্টকৃত কপি আবেদনকারীকে কলেজে স্ব-স্ব বিভাগে জমা দিতে হবে। বিষয় কোড ভুল পূরণের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

খ) আবেদন ফরমে কোন প্রকার ভুল হলে কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে ফরম Cancel করে পুনরায় আবেদন ফরম Download করতে হবে।

গ) প্রত্যেক শিক্ষার্থীদের সম্প্রতি তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত) আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা গাম দ্বারা লাগিয়ে দিতে হবে।

৬। **অনলাইনে পরীক্ষার্থী ডাটা এন্ট্রি (কলেজের জন্য) ঃ**

**বিশেষ দ্রঃ যদি কোন কলেজে পূর্বে Department User তৈরী করা না থাকে সেক্ষেত্রে College login(Admin) লিংকের College User Menu থেকে নতুন করে Department User তৈরী করতে হবে।**

ক) শিক্ষার্থীদের ডাটা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে সরাসরি অনলাইন-এ সঠিক এন্ট্রি করা হয়েছে কি-না তা সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকা (Probable List)-এর সাথে যাচাইপূর্বক যথাযথ নিশ্চিত হয়ে জমাকৃত আবেদনগুলিকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (ems.nu.ac.bd) এ গিয়ে College User Login (Department) এ প্রবেশ করে Department Password ব্যবহার করে পরীক্ষার্থীর ডাটা এন্ট্রি সঠিক হলে নিশ্চয়ন করতে হবে এবং নিশ্চয়নের সময় ইন-কোর্স নম্বর এন্ট্রি করতে হবে। ইন-কোর্স নম্বর ছাড়া ডাটা এন্ট্রি নিশ্চয়ন হবে না। এ ভাবে সকল শিক্ষার্থীর ডাটা এন্ট্রি নিশ্চয়ন হওয়ার পর শিক্ষার্থীর বিবরণী প্রিন্ট বের করে অধ্যক্ষ স্বাক্ষর করবেন।

খ) পূরণকৃত আবেদন পত্রে রেজিস্ট্রেশন বিবরণী অনুযায়ী শিক্ষার্থীর নাম, রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষাবর্ষ, বিষয় কোড সঠিক আছে কি-না তা যাচাইপূর্বক অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ স্বাক্ষর করবেন। ভুল তথ্য প্রদানের জন্য সংশ্লিষ্ট অধ্যক্ষ দায়ী থাকবেন।

গ) শিক্ষার্থীর ডাটা সফ্‌টওয়্যারে এন্ট্রি করার সাথে সাথে তার বিবরণী ফরম ও ফি বিবরণী ফরম অটো সিস্টেমে পূরণ হয়ে যাবে। ডাটা Online এ এন্ট্রি ব্যতিত হাতে তৈরী বিবরণী ফরম ও ফি বিবরণী ফরম গ্রহণ করা হবে না।

ঘ) পূরণকৃত আবেদন ফরমের সকল প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর তা কলেজে গালাসীল অবস্থায় (সমস্ত কাগজপত্র ফরম পূরণের পর থেকে ফলাফল প্রকাশের পর ছয় মাস পর্যন্ত) সংরক্ষিত থাকবে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ যে কোন সময় তা যাচাইয়ের জন্য তলব করতে পারবে।

ঙ) কলেজের সকল শিক্ষার্থীর ডাটা পূর্ণাঙ্গভাবে এন্ট্রি করার পর সংশ্লিষ্ট ওয়েব-সাইট থেকে Print করতে হবে এবং যথানিয়মে পরীক্ষার্থীর বিবরণী, ফি বিবরণী স্ব-স্ব কলেজে সংরক্ষণ করতে হবে।

চ) এ সংক্রান্ত যে কোন তথ্যের জন্য উপ-পরীক্ষা নিয়ন্ত্রক জনাব মোঃ নজরুল ইসলাম তালুকদার, ০১৭১১৫৬২১২৪ (সকাল ৯:০০মিঃ থেকে ৪:০০মিঃ পর্যন্ত) যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

ছ) সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ, উপাধ্যক্ষ ও সংশ্লিষ্ট পরীক্ষা কমিটির সদস্যদের নাম, পদবী, বিষয় ও মোবাইল নম্বর সম্বলিত তালিকা ইত্যাদি প্রস্তত করে পরীক্ষার কাজ সম্পন্ন করতে হবে।

**বিবরণী ফরম পূরণের পর কোন শিক্ষার্থীর নাম বাদ পড়েছে কিনা বা একজনের পরিবর্তে অন্য শিক্ষার্থীর নাম এন্ট্রি হয়েছে কিনা তা ভালভাবে যাচাই করে দেখতে হবে। ফরম জমাদানের পর এ ধরনের কোন আপত্তি গ্রহণ করা হবে না।**

৭। **ফি জমাদানের নিয়মাবলী ঃ**

ক) সংশ্লিষ্ট কলেজ pms.nu.ac.bd/pms/default.aspx সোনালী সেবার মাধ্যমে College Code entry করে Pay Slip Download করবে। Pay Slip এ সংশ্লিষ্ট খাতের হিসাব নম্বর ও উল্লিখিত মোট টাকার অংশের কপি নিকটস্থ সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা দিয়ে রশিদ গ্রহণ করতে হবে।

খ) Pay Slip সংগ্রহের জন্য নির্ধারিত তারিখের মধ্যে বিকাল ৪-০০টা পর্যন্ত Link Active থাকবে। নির্ধারিত সময়ের পর Pay Slip ডাউনলোড করা বা টাকা জমা দেওয়া যাবে না।

গ) **সোনালী সেবা সংক্রান্ত জটিলতা নিরসনের জন্য জনাব মোঃ হুমায়ুন কবির, সিনিয়র সিস্টেম এনালিস্ট, E-mail: kabir.erp@gmail.com-এ অথবা ০১৭১৭-০৩৭৭৬৬ মোবাইল নম্বরে যোগাযোগ করা যেতে পারে।**

০৮। **প্রবেশপত্র সংশোধন ঃ**

ক) প্রবেশপত্র কোনক্রমেই কাটাকাটি বা সংশোধন করা যাবে না। প্রবেশপত্রে যদি কোন ভুল থাকে তবে তা সংশোধনের জন্য আনুষঙ্গিক কাগজপত্রসহ ডিগ্রী(পাস) শাখার উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, জনাব মোঃ নজরুল ইসলাম তালুকদার, ০১৭১১৫৬২১২৪-এর সাথে যোগাযোগ করতে হবে।

খ) **রেজিস্ট্রেশন কার্ডে বর্ণিত বিষয় কোড অনুযায়ী ফরম পূরণ ও পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।**

০৯। **পরীক্ষা পরিচালনার খরচ ঃ**

কেন্দ্র ফি বাবদ প্রাপ্ত অর্থ দ্বারা সংশ্লিষ্ট কেন্দ্র কর্তৃপক্ষ পরীক্ষা পরিচালনার যাবতীয় ব্যয় নির্বাহ করবেন। জাতীয় বিশ্ববিদ্যালয় হতে সাদা উত্তরপত্র এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য কাগজপত্র গ্রহণ করার প্রয়োজনীয় খরচ কেন্দ্র ফি হতে নির্বাহ করতে হবে। ব্যবহারিক পরীক্ষার জন্য রাসায়নিক বা অন্যান্য আনুষঙ্গিক দ্রব্যাদি ক্রয়ের জন্য বিশ্ববিদ্যালয় হতে কোন অর্থ প্রদান করা হবে না। প্রতি পরীক্ষার্থীর নিকট হতে কেন্দ্র ফি বাবদ আদায়কৃত ৬০০/- টাকা মধ্যে ৪০০/- টাকা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার (যে কেন্দ্রে সংশ্লিষ্ট কলেজের পরীক্ষার্থীদের পরীক্ষা অনুষ্ঠিত হবে সে কেন্দ্রের) নিকট পরীক্ষানুষ্ঠানের ০৩ দিন পূর্বেই জমা দিতে হবে। অবশিষ্ট ২০০/- টাকা দিয়ে সংশ্লিষ্ট কলেজের পরীক্ষা সংক্রান্ত ব্যয় নির্বাহ করতে হবে।

১০। **রেগুলেশন ঃ**

২০২৪ সালের ডিগ্রী(পাস) ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৩-২০১৪ রেগুলেশন অনুযায়ী অনুষ্ঠিত হবে। পূর্ণাঙ্গ রেগুলেশন বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট **www.nu.ac.bd** তে দেয়া আছে।

১১। **সিলেবাস (নিম্নে বর্ণিত সিলেবাস অনুযায়ী প্রশ্নপত্র প্রণয়ন করা হবে) ঃ**
২০২৩ সালের ডিগ্রী(পাস) কোর্স ১ম বর্ষ পরীক্ষার সকল পরীক্ষার্থীকে ২০১৩-১৪ শিক্ষাবর্ষের প্রণীত সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১২। **পরীক্ষার সময়সূচি ও কেন্দ্র তালিকা ঃ**
পরীক্ষার বিস্তারিত সময়সূচি ও কেন্দ্র তালিকা যথাসময়ে ঘোষণা করা হবে।

১৩। **কলেজ অধিভুক্তি ঃ**
কলেজের অধিভুক্তির নবায়ন থাকতে হবে।

১৪। **ইন-কোর্স পরীক্ষা গ্রহণ ও নম্বর ফর্দ প্রেরণ ঃ**
নিয়মিত, অনিয়মিত ও প্রাইভেট শিক্ষার্থীরা নিজ নিজ কলেজে উপস্থিত হয়ে ইন-কোর্স পরীক্ষায় ফরম পূরণের পূর্বে অংশ গ্রহণ করবে। কলেজ কর্তৃপক্ষ পরীক্ষার্থীদের প্রতিটি পত্রের ইনকোর্স নম্বর আবেদন ফরম পূরণের নির্ধারিত সফটওয়্যারের অনলাইনে পরীক্ষার্থীদের রেজিঃ নম্বরের বিপরীতে প্রাপ্ত নম্বর এন্ট্রি করে প্রেরণ করবেন। প্রেরিত নম্বরের প্রিন্ট কপি যাচাই করে বিভাগীয় প্রধান ও অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত হওয়ার পর মূল কপিগুলো বিষয়ওয়ারী আলাদা খামে গালাসীল করে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, ডিগ্রী (পাস) শাখা, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর এ তত্ত্বীয় পরীক্ষা আরম্ভ হওয়ার পূর্বেই হাতে হাতে জমা দিতে হবে এবং ফটোকপি কলেজে সংরক্ষণ করতে হবে।

১৫। **ফলাফল ঃ** এ পরীক্ষার ফলাফল গ্রেডিং পদ্ধতিতে প্রকাশ করা হবে।

১৬। **গ্রেডিং সিস্টেম (Grading System) ঃ**
উত্তরপত্র নম্বরের ভিত্তিতে মূল্যায়ন করা হবে। একজন পরীক্ষার্থীর প্রাপ্ত নম্বরকে লেটার গ্রেড (Letter Grade) ও গ্রেড পয়েন্টে (Grade Point) রূপান্তর করা হবে। পরীক্ষার্থীর ফলাফল মূল্যায়নের জন্য নিম্নলিখিত লেটার গ্রেড Corresponding গ্রেড পয়েন্ট থাকবে। বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক প্রদত্ত অভিন্ন গ্রেডিং পদ্ধতি অনুযায়ী গাণিতিক (Numerical) নম্বর, লেটার গ্রেড ও গ্রেড পয়েন্ট হবে নিম্নরূপ ঃ

| Numerical Grade | Letter Grade (LG) | Grade Point (GP) |
|---|---|---|
| 80% or above | A+ (Plus) | 4.00 |
| 75% to less than 80% | A (Plain) | 3.75 |
| 70% to less than 75% | A- (Minus) | 3.50 |
| 65% to less than 70% | B+ (Plus) | 3.25 |
| 60% to less than 65% | B (Plain) | 3.00 |
| 55% to less than 60% | B- (Minus) | 2.75 |
| 50% to less than 55% | C+ (Plus) | 2.50 |
| 45% to less than 50% | C (Plain) | 2.25 |
| 40% to less than 45% | D (Plain) | 2.00 |
| <40% (less than 40%) | F (Fail) | 0.00 |

**পাশ নম্বর**

| | |
|---|---|
| কোর্সের নম্বর | ১০০ (৪ ক্রেডিট) |
| সর্বনিম্ন পাস নম্বর | ৪০ |
| সর্বনিম্ন গণনাযোগ্য ক্রেডিট | D |

* ১ম বর্ষ থেকে ২য় বর্ষে উত্তীর্ণ হওয়ার জন্য ০৭টি পত্রের মধ্যে কমপক্ষে ০৩টি পত্রে D গ্রেড বা তার চেয়ে বেশী গ্রেড পেতে হবে।
* সকল পত্রের পরীক্ষায় উপস্থিত থাকতে হবে।
* লিখিত ও ইন-কোর্স পরীক্ষার নম্বর যোগ করে ফলাফল নির্ধারণ করা হবে। পূর্ণাঙ্গ রেগুলেশন বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.nu.ac.bd এ দেওয়া আছে।

**বিঃ দ্রঃ** ১। উক্ত পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য শুধুমাত্র বিশ্ববিদ্যালয় ওয়েব সাইট www.nu.ac.bd /www.nubd.info মারফত জানানো হবে। সংশ্লিষ্ট কলেজ ও কেন্দ্রের অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তাকে এ ওয়েব সাইট থেকে তথ্য সংগ্রহ করে নোটিশ বোর্ডে প্রকাশ করতে হবে এবং সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রী/অভিভাবককে অবহিত করতে হবে।

২। ফরমপূরণের আবেদন নিশ্চিত করতে প্রয়োজনীয় ফি সহ আবেদন ফরমটি কলেজের সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে, অন্যথায় প্রবেশপত্র ইস্যু করা হবে না এবং পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

মোঃ এনামুল করিম
পরীক্ষা নিয়ন্ত্রক
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ।
ফোন : ০২-৯৯৬৬৯১৫১৭ (অফিস)
ই-মেইল ঃ controller@nu.ac.bd

স্মারক নং ০৫(৫৩৩) জাতীঃবিঃ/পরীঃ/ডিগ্রী পাস/২০২২/৫৫৫৫

তারিখ : ২১/০৯/২০২৫

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি দেয়া হলো ঃ
১। ডীন, স্নাতক পূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয়।
২। পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়।
৩। পরিচালক (অর্থ ও হিসাব), জাতীয় বিশ্ববিদ্যালয়।
৪। পরিচালক, তথ্য, পরামর্শ ও নির্দেশনা ইউনিট, জাতীয় বিশ্ববিদ্যালয়।
৫। পরিচালক, জনসংযোগ ও প্রকাশনা বিভাগ, জাতীয় বিশ্ববিদ্যালয়।
৬। অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তা, ডিগ্রী(পাস) ও সার্টিফিকেট কোর্স পাঠদানকারী সংশ্লিষ্ট কলেজসমূহ।
৭। অফিস কপি।

মোঃ আশরাফ আলী
অতিরিক্ত পরীক্ষা নিয়ন্ত্রক
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ।